

২০২০-২০২১ সেশনে এম.এস. শ্রেণীতে বহিরাগত শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

২০২০-২০২১ সেশনে মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, নিম্নবর্ণিত ২টি স্ট্রীমে বহিরাগত শিক্ষার্থী ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করছে।

ক. স্কুল সাইকোলজী (১ বছর ৬ মাস মেয়াদী)।

খ. ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজী (১ বছর ৬ মাস মেয়াদী)।

আবেদনের যোগ্যতাঃ

স্কুল সাইকোলজী এবং ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজীতে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মনোবিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষা সম্পন্নকারী / উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। স্কুল সাইকোলজী এবং ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজীতে আবেদনের জন্য সকল পরীক্ষায় ৪.০০ মাত্রার স্কেলে সিজিপিএ ৩.০০ এবং ৫.০০ মাত্রার স্কেলে সিজিপিএ ৩.৫০ পেতে হবে।

আবেদনপত্রের ফিঃ

আবেদনপত্রের ফি প্রতিটি ১০০০/- (এক হাজার) টাকা। আবেদনপত্রের ফি জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নির্ধারিত একাউন্টে জমা দিতে হবে।

স্ট্রীমের নাম	একাউন্ট নম্বর
স্কুল সাইকোলজী	0100139811113
ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজী	0100139814279

আবেদনের নিয়মাবলিঃ

শিক্ষার্থীরা অনলাইন ও অফলাইন উভয় পদ্ধতিতেই আবেদন করতে পারবেন।

অফলাইন পদ্ধতিঃ এক্ষেত্রে প্রতিটি স্ট্রীমের জন্য নির্ধারিত একাউন্টে আবেদন ফি জমা প্রদান করে, জমা-রশিদের মূল কপি এবং ১ কপি ফটোকপি জমা দিয়ে নিম্নে বর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদন পত্রের সাথে আবেদন ফরমে উল্লিখিত কাগজপত্র জমা দিতে হবে।

স্ট্রীমের নাম	সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও ফোন নম্বর
স্কুল সাইকোলজী	মোঃ সফিউল্লাহ, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ফোনঃ ০১৭১১-১১৬০৩৪ কক্ষ নং- ৩০৭৬।
ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজী	মোঃ কামরুজ্জামান, সিনিয়র টেকনিক্যাল অফিসার ফোনঃ- ০১৭২২৯৫৪৮৬১ কক্ষ নং- ৩০৭৯।

অনলাইন পদ্ধতিঃ

আবেদনপত্র বিভাগীয় ওয়েব পেইজ <https://du.ac.bd/body/PSY> এর নোটিশ বোর্ড থেকে সংগ্রহ করে নিম্নোক্ত মেইল এড্রেসে প্রেরণ করতে হবে। অনলাইনে আবেদনপত্রের সাথে টাকা জমা দেয়ার রশিদের স্ক্যান কপি প্রেরণ করতে হবে। স্ক্যান কপির উপর শিক্ষার্থীর নাম লিখতে হবে।

স্ট্রীমের নাম	ইমেইল এড্রেস	আরও জানতে যোগাযোগ করুন
স্কুল সাইকোলজী	schoolpsychologydu@gmail.com	মোঃ মায়মুন হাসান, ল্যাব. টেকনিশিয়ান ফোন:- ০১৫৭২০৮২৯৩৬
ইন্ডাস্ট্রিয়াল ও অরগানাইজেশনাল সাইকোলজী	duiopsycho@gmail.com	মোঃ কামরুজ্জামান, সিনিয়র টেকনিক্যাল অফিসার ফোনঃ- ০১৭২২৯৫৪৮৬১

আবেদন জমা দেয়ার শেষ তারিখঃ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আগামী ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে জমা দিতে হবে।

এডমিট কার্ড সংগ্রহঃ অফলাইনে আবেদনকারীগণ বিভাগীয় অফিসে এসে পূরণকৃত আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি জমা দিয়ে প্রতিটি স্ট্রীমের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে এডমিট কার্ড সংগ্রহ করতে পারবেন।

অনলাইনে আবেদনকারীগণ বিভাগীয় অফিসে এসে আবেদন ফরমে উল্লিখিত কাগজপত্র, টাকা জমা দেয়ার রশিদের মূল কপি ও ছবি জমা প্রদান করে প্রতিটি স্ট্রীমের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে এডমিট কার্ড সংগ্রহ করতে পারবেন।

বি. দ্রঃ - ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন:- জনাব মোঃ সফিউল্লাহ, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, মনোবিজ্ঞান বিভাগ

ফোনঃ ০১৭১১-১১৬০৩৪, কক্ষ নং- ৩০৭৬।